গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৯.১৮.০২১.১৪(অংশ).১৩/১৯.৭৯০

তারিখঃ ১০ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
২৫ আগস্ট ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয় ঃ কোভিড-১৯ জনিত অর্থনৈতিক অভিঘাত এবং চলমান রাশিয়া-ইউক্রেন যুদ্ধ পরিস্থিতিতে বিশ্বব্যাপী জ্বালানী, খাদ্য ও নিত্যপণ্যের মূল্যবৃদ্ধির প্রেক্ষাপটে ব্যয়-সাশ্রয় ও কৃচ্ছ্রতা সাধনে সরকারি নির্দেশনা পরিপালন সংক্রান্ত সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা ০৩.০০.২৬৯০.০৮২.০৪৬.০৭৬.২০২২-১৫ তারিখ: ০৮ আগস্ট ২০২২ খ্রি.।

| | |
|---|---|
| সভার তারিখ | : ২৩ আগস্ট ২০২২ খ্রিষ্টাব্দ |
| সময় | : সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : আইন ও বিচার বিভাগের সভাকক্ষ |
| সভাপতি | : জনাব মোঃ গোলাম সারওয়ার<br>সচিব, আইন ও বিচার বিভাগ। |
| উপস্থিত তালিকা | : পরিশিষ্ট-ক |

সভার প্রারম্ভেই সভার সভাপতি আইন ও বিচার বিভাগের সচিব জনাব মোঃ গোলাম সারওয়ার সভায় উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি কোভিড-১৯ জনিত অর্থনৈতিক অভিঘাত এবং চলমান রাশিয়া-ইউক্রেন যুদ্ধ পরিস্থিতিতে বিশ্বব্যাপী জ্বালানী, খাদ্য ও নিত্যপণ্যের মূল্যবৃদ্ধির প্রেক্ষাপটে ব্যয়-সাশ্রয় ও কৃচ্ছ্রতা সাধনে সরকারি নির্দেশনা যথাযথভাবে পরিপালনের পদক্ষেপ গ্রহণ এবং তা বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করেন।

সভায় উপস্থিত আইন ও বিচার বিভাগের যুগ্মসচিব (মতামত) বেগম উম্মে কুলসুম, উপসচিব (প্রশাসন-১) জনাব শেখ গোলাম মাহবুব, উপসচিব (বাজেট) জনাব শেখ হুমায়ুন কবীর, উপসচিব (মতামত-৪) জনাব এ.কে.এম. এমদাদুল হক, উপসচিব (পরিকল্পনা ইউনিট) জনাব মোহাম্মদ মেহেদী হাসান, সিনিয়র সহকারী সচিব (বিচার শাখা-৫) জনাব তৈয়বুল হাসান মতামত প্রদান করেন।

**সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ ঃ**

১। অর্থ বিভাগের ২১ জুলাই ২০২২ তারিখে জারিকৃত নির্দেশনানুযায়ী আইন ও বিচার বিভাগ এবং এর আওতাধীন প্রতিষ্ঠানের অফিসমূহে বিদ্যুতের ব্যবহার ২৫% বা ততোধিক কমিয়ে আনার বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এক্ষেত্রে, বিদ্যুৎ অপব্যবহারের ক্ষেত্রসমূহ যেমন, প্রাধিকারের বাইরে শীতাতপ যন্ত্রের ব্যবহার, অপ্রয়োজনীয় বৈদ্যুতিক বাতি প্রজ্জ্বলন, বৈদ্যুতিক কেটলি, অপ্রয়োজনীয় বৈদ্যুতিক সরঞ্জাম চিহ্নিত করে বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে সকল দপ্তরসমূহকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা জারির সিদ্ধান্ত গৃহীত হয়।

২। আইন ও বিচার বিভাগ এবং এর আওতাধীন প্রতিষ্ঠানের গাড়িসমূহে জ্বালানির ব্যবহার ২০% বা ততোধিক কমিয়ে আনার জন্য অগুরুত্বপূর্ণ কাজে সরকারি গাড়িযোগে ভ্রমণ, ব্যক্তিগত কাজে বিধি-বহির্ভূতভাবে সরকারি গাড়ির ব্যবহার, প্রাধিকার বহির্ভূত সরকারি গাড়ি বরাদ্দ প্রদান রোধকল্পে পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। আইন ও বিচার বিভাগ এবং এর আওতাধীন প্রতিষ্ঠানের গাড়িসমূহে যথাযথভাবে লগবই ব্যবহারের নির্দেশনা জারির সিদ্ধান্ত গৃহীত হয়।

সভাপতি মহোদয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সকলকে সক্রিয় ভূমিকা পালনের অনুরোধ জানান। তিনি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
**(মোঃ গোলাম সারওয়ার)**
সচিব
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

অনুলিপিঃ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. মহাপরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ১৪, আব্দুল গণি রোড, ঢাকা।
২. যুগ্মসচিব (প্রশাসন-২), আইন ও বিচার বিভাগ।
৩. সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ।
৪. সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন, ঢাকা।
৫. মহাপ্রশাসক, সরকারি অছি এবং সরকারি রিসিভার, ঢাকা।
৬. রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
৭. পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ঢাকা।
৮. পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
৯. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. প্রশাসনিক কর্মকর্তা, অ্যাটর্নি জেনারেলের কার্যালয়, ঢাকা।

অনুলিপিঃ জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৫. অফিস কপি

২৫/০৮/2022
(তৈয়বুল হাসান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
ফোনঃ-২২৩৩৫৭৪২০

কোভিড-১৯ জনিত অর্থনৈতিক অভিঘাত এবং চলমান রাশিয়া-ইউক্রেন যুদ্ধ পরিস্থিতিতে বিশ্বব্যাপী জ্বালানী, খাদ্য ও নিত্যপণ্যের মূল্যবৃদ্ধির প্রেক্ষাপটে ব্যয়-সাশ্রয় ও কৃচ্ছ্রতা সাধনে সরকারি নির্দেশনা পরিপালন সংক্রান্ত সভাঃ

সভার তারিখ : ২৩ আগস্ট ২০২২ খ্রিষ্টাব্দ
সময় : সকাল ১১.০০ ঘটিকা
স্থান : সভাকক্ষ (কক্ষ নং-৭২৭, ভবন নং-০৪), আইন ও বিচার বিভাগ
সভাপতি : জনাব মোঃ গোলাম সারওয়ার
সচিব, আইন ও বিচার বিভাগ।

| ক্রম | নাম ও পদবি | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | জনাব উম্মে কুলসুম<br>যুগ্মসচিব (মতামত) | 26/08/2022 |
| ২. | জনাব শেখ গোলাম মাহবুব<br>উপসচিব (প্রশাসন-১) | |
| ৩. | জনাব শেখ হুমায়ুন কবীর<br>উপসচিব (বাজেট) | 26/8/2022 |
| ৪. | জনাব এ.কে.এম. এমদাদুল হক<br>উপসচিব (মতামত-৪) | 26/8/22 |
| ৫. | জনাব মোহাম্মদ মেহেদী হাসান<br>উপসচিব (পরিকল্পনা) | 26.08-2022 |
| ৬. | জনাব তৈয়বুল হাসান<br>সিনিয়র সহকারী সচিব (বিচার শাখা-৫) | 26/08/2022 |
| ৭. | জনাব মো: আব্দুর রউফ ভূঁঞা<br>প্রশাসনিক কর্মকর্তা | 26/8/22 |
| ৮. | জনাব মো: জাবেদ আলী<br>ব্যক্তিগত কর্মকর্তা | 26/08/2022 |
| ৯. | | |
| ১০. | | |